জীবননগরে সুবিধাভোগীদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত

ইউনিয়ন পর্যায়ে বর্তমান সরকারের সামাজিক সুরক্ষার আওতায় সুবিধাভোগী মানুষদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার সকাল ১১ টার সময় মনোহরপুর,কেডিকে ও বাকা ইউনিয়ন পরিষদ ও জীবননগর পৌরসভার আয়োজনে জীবননগর শেখ রাসেল মিনি স্টেডিয়াম মাঠে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলার মনোহরপুর, কেডিকে ও বাকা ইউনিয়ানের সহ জীবননগর পৌরসভার বিভিন্ন স্তরের সাধারণ মানুষ সরকারী বিভিন্ন সুযোগ সুবিধাভোগিদের সাথে এ সভা অনুষ্ঠিত হয়। মাতৃত্বকালিন, প্রতিবন্ধি, বয়স্ক, বিধবা ভাতাসহ সকল ভাতার আওতায় থাকা অসহায় মানুষদের সাথে এ মতবিনিময় করেন চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য আলী আজগর টগর।

ভাতাভোগি প্রায় ১৩হাজার জন নারী পুরুষ উপস্থিত ছিলেন।

জীবননগর উপজেলা নিবাহী অফিসার হাসিনা মমতাজের সভাপতিত্বে মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য আলী আজগর টগর, জীবননগর উপজেলা চেয়ারম্যান হাফিজুর রহমান,দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনসুর বাবু, জীবননগর পৌর সভার মেয়র রফিকুল ইসলাম,দশনা পৌর সভার মেয়র আতিয়ার রহমান হাবু, জীবননগর উপজেলা আওয়ামীলীগের সাবেক সভাপতি গোলাম মোতুজা,জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃসালাম ঈশা, মনোহরপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন,বাকা ইউপি চেয়ারম্যান আঃকাদের প্রধান,কেডিকে ইউপি চেয়ারম্যান খাইরুল বাশার শিপলু,জেসিআইয়ের পরিচালক মুনতাসির আজগার আকাশ প্রমুখ।

উক্ত অনুষ্ঠানটি সাবিক পরিচালনা করেন জীবননগর পৌর সভার সাবেক মেয়র জাহাঙ্গীর আলম।

দর্শনায় পৃথক অভিযানে রেকক্টিফাইড স্পিরিটসহ গ্রেফতার ১

চুয়াডাঙ্গার দর্শনায় জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর পৃথক দুটি মাদক বিরোধী অভিযান চালিয়ে ১শ৩০ লিটার রেকক্টিফাইড স্পিরিট উদ্ধার করেছে।

আজ মঙ্গলবার সকাল ৮ টার দিকে চুয়াডাঙ্গা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক মো:শরিয়তউল্লাহ’র নেতৃত্বে অভিযান চালায় দর্শনা থানার বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে দর্শনা আজিমপুর মিল গেট এলাকার মৃত্য হারুনের বাড়িতে।

এ সময় মাদকদ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তর বসত বাড়ির ভিতর থেকে কন্টিনেটারে রাখা ১শ লিটার রেকক্টিফাইড স্পিরিট উদ্ধার করে। এ ঘটনায় মারুফ খান অন্তর কৌশলে পালিয়ে রক্ষা পায়।তবে অন্তরকে আটক করতে না পারলেও মাদকদ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তর বাদি হয়ে পলাতক হিসাবে দর্শনা আজিমপুর কেরু মিলগেট এলাকার মৃত্য হারুনের ছেলে আসামি মারুফ খান অন্তরকে (২৪)নিয়মিত মামলা দায়ের করেছে।

অপরদিকে মঙ্গলবার সকাল সাড়ে ৯ টার দিকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর অভিযান চালিয়ে পাঠান পাড়ার অভিযান চালিয়ে বাবু মিয়ার বাড়ি থেকে কন্টিনেটারসহ ৩০ লিটার রেকক্টিফাইড স্পিরিট উদ্ধার করে। পরে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর দর্শনা রেল কোলনী পাঠান পাড়ার মৃত্য হামিদ মিয়ার ছেলে বাবু মিয়াকে (৫৮) গ্রেফতার করে।

এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রনের উপ পরিদর্শক আকবর হোসেন মামলার বাদী হয়ে মাদক আইনে দর্শনা থানায় দুজনের বিরুদ্ধে মামলা দায়ের করেছে।

আজ তাদের দুজনকে মাদক মামলসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে পুলিশ।

[redacted]

[redacted]

[redacted]

[

জীবননগরে গ্রামীণ অবকাঠামো উন্নয়নের চেক বিতরণ

গ্রামীণ অবকাঠামো উন্নয়নে চুয়াডাঙ্গার জীবননগরে মসজিদ, মাদ্রাসা, কবরস্থান, ঈদগাসহ বিভিন্ন প্রকল্পের কাজের চেক বিতরণ করা হয়েছে।

গতকাল সোমবার দুপুরে জীবননগর উপজেলা হল রুমে দুর্যোগ ব্যবস্থাপনা অফিসের আয়োজনে এ চেক বিতরণ করা হয়।

গ্রামীণ অবকাঠামো উন্নয়নে চুয়াডাঙ্গার জীবননগরে মসজিদ, মাদ্রাসা, কবরস্থান, ঈদগাসহ বিভিন্ন প্রকল্পের কাজের বরাদ্দকৃত চেক বিতরণ করা হয়। ৭২টি প্রকল্পের ৪৫ লাখ টাকার চেক বিতরণ করা হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার হাসিনা মমতাজের সভাপতিত্বে চেক বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য আলী আজগর টগর।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাফিজুর রহমান, পৌর মেয়র রফিকুল ইসলাম, জীবননগর উপজেলা আওয়ামীলীগের সাবেক সভাপতি গোলাম মোতুজা, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ইশা, জীবননগর পৌর আওয়ামীলীগের সাধারন সম্পাদক জাহাঙ্গীর আলম প্রমুখ।

উক্ত অনুষ্ঠানটি সাবিক পরিচালনা করেন উপজেলা প্রকল্প কমকতা মোঃ মিজানুর রহমান।

চুয়াডাঙ্গায় শিশু হত্যা মামলায়

[redacted]

[redacted]

বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা ইস্যু করা হয়েছে।

চুয়াডাঙ্গায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণের অভিযানে গাঁজাসহ আটক ১

চুয়াডাঙ্গায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযান পরিচালনা করা হয়েছে এ সময় গাঁজা সহ ১ জনকে আটক করা হয়েছে।

আজ সোমবার দুপুর দুইটার সময় চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার শামীম ভূইয়ার নেতৃত্বে ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক নাজমুল হোসেন খান ও উপ পরিদর্শক সাহারা ইয়াসমিন ও আকবর হোসেন সহ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর জেলা কার্যালয় থেকে সদর থানাধীন বিভিন্ন এলাকায় অভিযান করে চুয়াডাঙ্গা সদর উপজেলার হকপাড়ার মৃত খোকনের ছেলে আসামি মো:অপু (২৮) কে সদর থানাধীন হকপাড়াস্থ আসামির নিজ দখলীয় বসতঘর হইতে ০১ কেজি গাঁজা সহ তাকে গ্রেপ্তার করা হয়।

উক্ত গ্রেফতারকৃত আসামীকে চুয়াডাঙ্গা সদর উপজেলার এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ও উপজেলা নির্বাহী অফিসার ০৬ মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ১০০ টাকা অর্থদণ্ড প্রদান করে জেল হাজতে প্রেরণ করেন।

দর্শনায় জামায়াত-বিএনপির অগ্নিসন্ত্রাসের বিরুদ্ধে

প্রতিবাদ সভা

দর্শনায় জামায়াত- বিএনপির অগ্নি সন্ত্রাসের বিরুদ্ধে দর্শনা পৌর আওয়ামীলীগের প্রতিবাদ সভা অনুষ্টিত হয়েছে।

আজ রবিবার সকাল সাড়ে ১০ টার দিকে দর্শনা বাসষ্ট্যান্ড চৌরাস্তার মোড়ে এ প্রতিবাদ সভায় উপস্থিত থেকে আলোচনা করেন,দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামীলীগের সাধারন সম্পাদক আলী মুনছুর বাবু,দর্শনা পৌর আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী,দর্শনা পৌর আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক বিল্লাল হোসেন,দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট, সহ সম্পাদক মান্নান খাঁন,আব্দুস সালাম ভুট্ট মামুন শাহ,হবা জোয়াদ্দার, দর্শনা কলেজ ছাত্রলীগের সভাপতি নাহিদ পারভেজ,সাধারন সম্পাদক তোফাজ্জেল হোসেন, তপু,লোমান,মিল্লাত,প্রমুখ।

বক্তরা বলেন,নির্বাচন বানচাল করার জন্য গভীর ষড়যন্ত্রে লিপ্ত হয়েছে। অগ্নি সন্ত্রাস করে মানুষের জান মালের ক্ষতি করছে জামায়াত বিএনপি। তাদের অরাজগতা রুখে দিয়ে সন্ত্রাসীদের আইনের হাতে তুলে দিতে হবে। জামায়াত বিএনপির অগ্নি সন্ত্রাসের বিরুদ্ধে জনগনের সাথে নিয়ে রুখে দাঁড়াতে হবে। দেশ ও মানুষের বৃহত্তর স্বার্থে আগামী নির্বাচনে নৌকা মার্কায় ভোট দিয়ে ক্ষমতার আসনে বসাতে হবে আওয়ামীলীগকে।

চুয়াডাঙ্গাতে সড়ক দুর্ঘটনায় মেহেরপুরের যুবক নিহত

চুয়াডাঙ্গায় মোটরসাইকেল-পাখিভ্যানের মুখোমুখি সংঘর্ষে এজাজ আহমেদ রাজা (২৪) নামে যুবক নিহত হয়েছেন। রোববার (৫ নভেম্বর) দুপুর আড়াইটার দিকে আলুকদিয়া বাজার সংলগ্ন জ্যোতি মিলের সামনে এ দুর্ঘটনা ঘটে।

এ ঘটনায় আহত হয়েছেন মুরসালিন হোসেন (৩৫) নামে পাখি ভ্যান চালক।

চুয়াডাঙ্গা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাহাব্বুর রহমান বিষয়টি নিশ্চিত করেছেন।

নিহত এজাজ আহমেদ রাজা মেহেরপুর সদর উপজেলার রাজনগর গ্রামের আলফাজ উদ্দিনের ছেলে। আহত মুরসালিন হোসেন চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার খাঁপাড়া গ্রামের খেদের আলীর ছেলে।

স্থানীয়রা জানান, দুপুরে দ্রুত গতির একটি মোটসাইকেল ও পাখি ভ্যানের মুখোমুখি সংঘর্ষ হয়। এতে মোটরসাইকেল আরোহী ও পাখি ভ্যান চালক উভয়ই মারাত্মক ভাবে আহত হন। ফায়ার সার্ভিসের কর্মীরা তাদের উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিলে জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক মোটরসাইকেল আরোহীকে মৃত ঘোষণা করেন। আহত পাখি ভ্যান চালককে ভর্তি রেখে চিকিৎসা দেওয়া হচ্ছে। তার অবস্থা আশঙ্কাজনক।

চুয়াডাঙ্গা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাহাব্বুর রহমান জানান, নিহতের মরদেহ সদর হাসপাতালের মর্গে রাখা আছে। এ ঘটনায় আইনগত বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।

দর্শনা কেরুজ চিনিকল ও কৃষি খামার আখ রোপনের উদ্ধোধন

দর্শনা কেরুজ চিনিকল পরিদর্শন ও কৃষি খামারে পীট পদ্ধতি আখ রোপন,আখচাষীদের সাথে মতবিনিময় ও রোপন মৌসুমের শুভ উদ্ধোধন করেন।

গতকাল শনিবার দুপুরে বাংলাদেশ চিনি ও খাদ্যশিল্প কর্পোরেশনের নবাগত চেয়ারম্যান (গ্রেড-১) কেরুর কৃষি খামার পরিদর্শন করেছেন। চিনিকল সুত্রে জানাযায় বাংলাদেশ চিনি ও খাদ্যশিল্প কর্পোরেশনের নবাগত চেয়ারম্যান শেখ সোয়েবুল আলম এন ডিসি সপ্তাহ তিনেক আগে এ দায়িত্বে নিয়োজিত হন। অন্য মিলে যাওয়ার আগেই তিনি গতকাল শনিবার সকালে কেরু চিনিকল কারখানা ও ডিষ্টিলারী ঘুরে ঘুরে দেখেন এবং বিভিন্ন বিষয়ে খোজ খবর নেন। কেরু মিল পরিদর্শন শেষে দুপুরে

[redacted]

[redacted]

জন্য বিআরটিএর মাধ্যমে রেজিস্ট্রেশন ও রোড পারমিটের ব্যবস্থা করা হবে। এতে আপনারা যেমন উপকৃত হবেন। সরকারও রাজস্ব পাবে।

তাই যারা এসব যান চালিয়ে জীবিকা নির্বাহ করেন, তারা সবাই প্রশিক্ষণ গ্রহণ করে রেজিস্ট্রেশন নিয়ে গর্বিত চালক হিসেবে কাজ করতে এগিয়ে আসবেন।